# ৩৭তম বিসিএস লিখিত পরীক্ষা

**বিষয় কোড : ০০৭**

**নির্ধারিত সময় : ৩ ঘণ্টা, পূর্ণমান : ১০০**

**[দ্রষ্টব্য : প্রত্যেক প্রশ্নের মান প্রশ্নের শেষ প্রান্তে দেখানো হয়েছে]**

**নম্বর**

**১.** **নিম্নলিখিত দশটি বিষয়ের উপর সংক্ষিপ্ত আলোচনা করুন :** **৪ × ১০ = ৪০**

ক. আন্তর্জাতিক ~~সম্পদ~~ [সম্পর্ক] ও আন্তর্জাতিক রাজনীতির মধ্যে পার্থক্য কী?

খ. রাষ্ট্র গঠনের উপাদান হিসেবে সার্বভৌমত্বের গুরুত্ব কী?

গ. পররাষ্ট্র নীতি প্রণয়নের বহিঃ উপাদানগুলো কী?

ঘ. বাংলাদেশ, ভারত, ভুটান, নেপাল আন্তঃদেশীয় সড়ক যোগাযোগ কাঠামো কী?

ঙ. আঞ্চলিক ও আঞ্চলিকরণের পার্থক্য কী?

চ. আন্তর্জাতিক সমুদ্র আইন অনুযায়ী (Exclusive Economic Zone) বিশেষায়িত অর্থনৈতিক এলাকা বলতে কী বোঝায়?

ছ. দ্বৈত ট্র্যাক (Dual Track) কূটনীতি কী?

জ. Soft Power (শক্তি) বলতে কী বোঝায়?

ঝ. সহস্রাব্দ উন্নয়ন লক্ষ্য (Millennium Development Goal) এবং ধারণযোগ্য উন্নয়ন লক্ষ্য (Sustainable Development) বিষয়ে ধারণা দিন (সংক্ষেপে)।

ঞ. কপ (Cop) ২২ মূল সিদ্ধান্তগুলো কী কী?

**২.** **যে-কোনো তিনটি প্রশ্নের উত্তর দিন :** **১৫ × ৩ = ৪৫**

ক. এশীয় উন্নয়ন ব্যাংকের (ADB) পরিচালনা পদ্ধতি সমালোচনামূলকভাবে পর্যালোচনা করুন। সম্প্রতি চীন কর্তৃক প্রস্তাবকৃত ও ২০১৬ সালে প্রতিষ্ঠিত এশিয়ান ইনফ্রাস্ট্রাকচার ইনভেস্টমেন্ট ব্যাংক (AIIB) গঠনের মাধ্যমে এশীয় উন্নয়ন ব্যাংকের কার্যক্রম কি ধরনের চ্যালেঞ্জের মুখোমুখি হতে পারে? AIIB গঠনের প্রেক্ষিতের আলোকে আলোচনা করুন।

খ. ইরানের পারমাণবিক শক্তি অর্জনের প্রচেষ্টার প্রেক্ষিত ও বর্তমান অবস্থা আলোচনা করুন। মার্কিন যুক্তরাষ্ট্রসহ অপর কয়েকটি দেশের সাথে ২০১৬ সম্পাদিত চুক্তি ইরানের পারমাণবিক পরিকল্পনার কি প্রভাব ফেলবে? মার্কিন যুক্তরাষ্ট্রের নব নির্বাচিত রাষ্ট্রপতি ক্ষমতা গ্রহণের আলোকে ইরান ও মার্কিন যুক্তরাষ্ট্রের সম্পর্কের ভবিষ্যৎ কি হতে পারে?

গ. চীন ও ভারতের সম্পর্ক নিয়ে একটি রচনা লিখুন। এই দুটি রাষ্ট্রের সম্পর্কের গতি প্রকৃতি এশিয়ায় বিশেষ করে দক্ষিণ এশিয়ার কি প্রভাব রাখছে তা পর্যালোচনা করুন।

ঘ. দক্ষিণ এশীয় উন্নয়ন সংস্থা হিসেবে সার্কের বর্তমান অবস্থা কী? ভবিষ্যতে শক্তিশালী ভূমিকা রাখার জন্য সার্কের (Charter) চার্টার-এ পরিবর্তন আনা কি প্রয়োজন? কী ধরনের পরিবর্তন সার্কের ভূমিকাকে কার্যকরী করবে? মতামতের স্বপক্ষে যুক্তি দিন।

**৩.** ১৯৭১ সনের বাংলাদেশের স্বাধীনতা যুদ্ধের পর বাংলাদেশের ও পাকিস্তানের বেশ কিছু অমীমাংসাকৃত সমস্যা রয়ে গেছে। এর মধ্যে একটি হলো সম্পদ (Assets) ও ধার দেনা

(Liability) সংক্রান্ত। সম্প্রতি পাকিস্তান এই বিষয়ে কিছু মতামত প্রকাশ করেছে। পররাষ্ট্র মন্ত্রণালয়ের একজন কর্মকর্তা হিসেবে এই সমস্যাটি নিরসনে কী পদক্ষেপ নেওয়া যেতে পারে তা আলোচনা করুন। ১৫